দৈনিক ইত্তেফাক

তারিখ 04 NOV 1988
পৃষ্ঠা 3 কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

074

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনে পাকিস্তানের সাহায্যের আশ্বাস

পাকিস্তানের প্রেসিডেন্ট গোলাম ইসহাক খান বাংলাদেশে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনে সকল সহায়তার আশ্বাস দিয়াছেন। গত ২৭শে অক্টোবর ইসলামাবাদে বাংলাদেশের শিক্ষা সচিব হেদায়েত আহমেদ পাকিস্তানের প্রেসিডেন্টের সহিত সাক্ষাৎ করিলে তিনি একথা বলেন। শিক্ষা সচিব তাঁহাকে প্রেসিডেন্ট এরশাদের ভ্রাতৃপ্রতীম শুভেচ্ছা জানাইবারকালে তিনিও

(৯ম পৃঃ দ্রঃ)

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

অনুরূপ শুভেচ্ছা বিনিময় করেন।

জনাব হেদায়েতের নেতৃত্বে একটি প্রতিনিধিদল বাংলাদেশে একটি উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনের ব্যপারে ইহার সম্ভাব্যতা এবং আল্লামা ইকবাল উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনের পাকিস্তানী অভিজ্ঞতা পরীক্ষা করিয়া দেখিতেছেন। জনাব হেদায়েত পাকিস্তানী প্রেসিডেন্টকে তাহার প্রতিনিধিদলের পরীক্ষা কাজের অগ্রগতি সম্পর্কে অবহিত করেন এবং এই পরীক্ষা কাজে সুবিধা ও সহযোগিতা প্রদানের জন্য পাকিস্তানী কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। পাকিস্তানী প্রেসিডেন্ট তাহাকে এব্যাপারে সকল প্রকার সহায়তা প্রদানের আশ্বাস দেন। তিনি বাংলাদেশে বন্যাত্তোর পরিস্থিতি মোকাবিলায় বাংলাদেশ সরকারের গৃহীত ত্রাণতৎপরতা সম্পর্কেও খোঁজ-খবর নেন।—প্রেস বিজ্ঞপ্তি।